# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চিকনাগুল
সিলেট

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ে আওতাধীন বিয়ানিবাজার গ্যাস ফিল্ড সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরে অনুষ্ঠিতব্য ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ ফারুক হোসেন<br>মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও আহ্বায়ক (সিটিজেন চার্টার)। |
| সভার তারিখ: | ০৫-১২-২০২২ |
| সভার সময়: | সকাল ১১.০০ ঘটিকায় |
| স্থান: | অনলাইন ভিডিও কনফারেন্স প্লাটফর্ম (zoom Apps) |
| উপস্থিতি: | পরিশিষ্ট-ক (স্ক্রীনশর্ট) |

মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ এর ধারা ১.৩ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর আওতাধীন বিয়ানীবাজার গ্যাস ফিল্ড এর কর্মকর্তাগণের সহিত সেবা প্রদান পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক, ফোকাল পয়েন্ট ও অন্যান্য সদস্যদের সঙ্গে একটি ভার্চুয়াল মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভায় এসজিএফএল এর সেবা প্রদান পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক এবং সভার সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সভাকে জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৩ ধারাটি একটি নতুন সংযোজন যা গত বৎসর ছিল না। তিনি মত প্রকাশ করেন যে, এই ধারাটি অত্যন্ত প্রয়োজনীয় একটি ধারা এবং আওতাধীন দপ্তর সমুহের সঙ্গে উর্ধ্বতন অফিসের সেবা প্রদান সংক্রান্ত কর্মকান্ডের সমন্বয়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ণ নির্দেশিকা , ২০২২-২০২৩ এর প্রতিটি ধারার উপর বিশদভাবে আলোচনা করেন।

৩। উপ-মহাব্যবস্থাপক (বিয়ানিবাজার গ্যাস ফিল্ড) মহোদয়ের মতামত চাওয়ার প্রেক্ষিতে জানান যে, দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য পদমর্যাদানুযায়ী একটি গাড়ী প্রদানের বিষয়ে মতামত ব্যক্ত করেন। তাছাড়া ফিল্ডের অফিসে নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের ব্যবহারের জন্য প্রাপ্যতানুযায়ী কম্পিউটার এবং চেয়ার/টেবিল এর প্রয়োজনীয়তার বিষয়ে মতামত ব্যক্ত করেন। আবাসিক বাসস্থানগুলোতে নতুন আসবাবপত্রের প্রয়োজনীয়তা রয়েছে, এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নথি প্রেরন এর মাধ্যমে ব্যবস্থা নেয়া হবে বলে সভাকে অবহিত করেন। উক্ত ফিল্ড কেপিআই ভূক্ত হওয়ায় ৩টি ওয়াচ টাওয়ার এর কাজ সম্পন্ন হয়েছে এবং বাকী ০২ টি ওয়াচ টাওয়ার এর কাজ বাজেটে সংস্থান রেখে সম্পন্ন করা হবে বলে জানান। স্টাফ আবাসিক এলাকায় বিদ্যুৎ এর কথা বিবেচনায় এনে স্বল্প পরিসরে solar panel স্থাপন ও নতুন একটি জেনারেটর ক্রয়ের বিষয়েও মতামত ব্যক্ত করেন। ফিল্ডে কর্মরত কর্মকর্তা/কর্মচারিদের তেমন কোন সমস্যা নেই তবে আবাসিক বাসস্থানে সিভিল এবং ইলেকট্রিক্যাল কিছু কাজ রয়েছে যা পর্যায়ক্রমে সমাধা করা হচ্ছে।

৪। বিয়ানিবাজার ফিল্ডের আবাসিক বাসস্থানে বসবাসকারী কর্মকর্তা/কর্মচারিগণ এবং সেবা গ্রহনকারী প্রতিনিধিদের পক্ষ থেকে বিভিন্ন সমস্যার বিষয়ে মতামত ব্যক্ত করেন যা নিম্নরূপঃ

(ক) বিয়ানিবাজার ফিল্ডের আবাসিক এলাকায় বসবাসরত উপ-মহাব্যবস্থাপক (মেইনটেনেন্স), টি এস ডিভিশন বলেন যে, বিয়ানীবাজার ফিল্ডের আবাসিক এলাকার ড্রেইন-এ মশা ও মাছির উপদ্রপ রোধে ঔষধ প্রয়োগ করা প্রয়োজন এবং আবাসিক এলাকার জঙ্গল কেটে পরিষ্কার পরিচ্ছন্ন করা প্রয়োজন।

(খ) উপ-মহাব্যবস্থাপক (ডিজাইন এন্ড এস্টিমেট), পি এন্ডডি ডিভিশন সভায় অবহিত করেন যে, ভিআইপি গেষ্ট হাউজ এবং ১০৫০ বর্গফুট আয়তনের বিল্ডিং এর সিভিল সংক্রান্ত সংস্কারের কাজ চলমান রয়েছে বলে জানান। ফিল্ডের আবাসিক/ডরমেটরীর ইলেকট্রিক্যাল ইত্যাদি কাজ সরেজমিনে যাচাই করে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট এর মাধ্যমে

মেরামত করার জন্য মতামত ব্যক্ত করেন। তিনি বলেন যে, বিয়ানি বাজার এবং রশিদপুর ফিল্ডের আবাসিক এলাকায় অনেক বাসা খালি রয়েছে। নাগরিক সুযোগ-সুবিধা কম থাকার কারণে এবং উচ্চ বাসা ভাড়া কর্তণের কারণে কর্মকর্তা কর্মচারিগণ ফিল্ড আবাসিক এলাকায় থাকতে অনীহা প্রকাশ করে। এ কারণে আবাসিক বাসস্থানে বসবাসকারীগণের বাসা ভাড়া কমানো যায় কিনা সে বিষয়ে ব্যবস্থা নেয়ার অনুরোধ করে।

(গ) ব্যবস্থাপক (প্লান্ট মেইনটেনেন্স) সভায় অবহিত করেন যে, আবাসিক এলাকায় বসবাসের কথা বিবেচনায় এনে ইলেকট্রিক্যাল ও রক্ষণাবেক্ষন বিষয়ে অভিযোগ করা হলে তাৎক্ষণিকভাবে সমাধা করা হয় মর্মে মতামত ব্যক্ত করেন।

(ঘ) ব্যবস্থাপক (ডিজাইন এন্ড এষ্টিমেট), বিয়ানীবাজার ফিল্ড সভায় অবহিত করেন যে, বিয়ানীবাজার ফিল্ড এর কর্মচারী/কর্মকর্তা আবাসিক এলাকায় পানির লাইন অনেক জায়গায় বিল্ডিং এর ওয়ালের ভিতরে স্থাপিত হওয়ায় এবং দীর্ঘ দিনের পুরাতন cast iron pipe হওয়ায় ছিদ্র হয়ে পানি বাহির হয় এবং পানি বিল্ডিং-এর ভিতরে আসার বিষয়েও সভাকে অবহিত করেন। উক্ত বাসাগুলিতে পানির লাইন সমূহ পর্যায়ক্রমে মেরামত করা হচ্ছে বলে মতামত ব্যক্ত করে।

(ঙ) সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, পর্যায়ক্রমে ফিল্ডের ভিতরে খেলার মাঠ সংস্কার করা, পানির ট্যাংক পরিস্কার করা, প্রয়োজন মোতাবেক ডরমেটরীতে নেট লাগানো এবং বাসায় রঙ করার বিষয়েও মতামত ব্যক্ত করেন। তিনি বিয়ানীবাজার ফিল্ডের ক্লাবের চেয়ার টেবিল সহ আসবাবপত্রের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে ক্লাবটিকে আরোও গতিশীল বিষয়েও মতামত ব্যক্ত করেন।

পরিশেষে সভার সভাপতি বিভিন্ন প্রশ্নের উত্তর ও প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করেন। বিস্তারিত পর্যালোচনান্তে ফিল্ডের কর্মকর্তা/কর্মচারি এবং আবাসিক বাসস্থানে বসবাসকারী সেবা গ্রহনকারী প্রতিনিধিদের সমস্যা সমাধানের বিষয়ে উপমহাব্যবস্থাপক (বিজিএফ) মহোদয়-কে যথাযথ ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে তিনি জানান যে, নতুন নির্দেশিকা অনুযায়ী প্রত্যেকটি কোম্পানিকে ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভার আয়োজন করতে হবে।

৫। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭.১২.২০২২
(প্রকৌ. মোঃ ফারুক হোসেন)

অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)/(টিএস)/(এলপিএম)//(পিএন্ডডি)/(অপারেশন)/(প্রশাসন)/(আরডিএম), এসজিএফএল।
- উপমহাব্যবস্থাপক (বিজিএফ), এসজিএফএল।
- আহ্বায়ক (নৈতিকতা কমিটি), এসজিএফএল।
- নথি।